

■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩২৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি যেই কাপড়ে স্তৰী সহবাস করেছে, সেই কাপড়ে সালাত আদায় করা জায়েয

ذكرِ حَدِيثِ الْمُعَاوِيَةِ عَنْ أُخْتِهِ أُمِّ حَبِيبَةِ زَوْجِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

2325 - أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ قَالَ: حَدَّثَنَا لَيْثٌ عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ عَنْ سُوَيْدٍ بْنِ قَيْسٍ عَنْ مُعاوِيَةَ بْنِ حُدَيْجٍ عَنْ مُعاوِيَةَ بْنِ أَبِي سُفْيَانَ عَنْ أُخْتِهِ أُمِّ حَبِيبَةَ زَوْجِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : أَنَّهُ سَأَلَهَا: هَلْ كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي فِي التَّوْبَ الذِّي يُجَامِعُهَا فِيهِ؟ فَقَالَتْ: نَعَمْ إِذَا لَمْ يَرَ فِيهِ أَذْيً.

الراوي : معاویة بن ابی سفیان عن اخته ام حبیبة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2325 | خلاصة حكم المحدث: صحيح - ((صحیح أبي داود)) .(392)

বাংলা

২৩২৫. মু'আবিয়া বিন আবী সুফিয়ান রাদিয়াল্লাহু আনহু তার বোন, যিনি আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের স্তৰী উম্মু হাবীবাহ রাদিয়াল্লাহু আনহাকে জিজ্ঞেস করেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যেই কাপড়ে স্তৰী মিলন করেন, সেই কাপড়ে কি সালাত আদায় করতেন?” জবাবে তিনি বলেন, “হ্যাঁ, যখন তাতে কোন নাপাকি না দেখতেন।”[1]

ফুটনেট

[1] মুসনাদ আহমাদ: ৬/৮২৭; আবু দাউদ: ৩৬৬; নাসাঈ: ১/১৫৫; ইবনু মাজাহ: ৫৪০; তাবারানী: ২৩/৮০৫; সুনান বাইহাকী: ২/৪১০; সহীহ ইবনু খুয়াইমাহ: ৭৭৬।

হাদিসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী

রাহিমাত্তলাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৩৯২)

হাদিসের মান: সহীহ (Sahih) পুঁজিগতিক্রিয়া

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ মু'আবিয়াহ ইবন আবু সুফিয়ান (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91646>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন